দৈনিক ইত্তেফাক

MAR. 03 2001

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান

বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ফোর্সের নন-গেজেটেড পার্সোনেলসহ ক্লারিক্যাল ষ্টাফ এবং সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত হইতে বেতন গ্রহণকারী সকল শ্রেণীর মৃত, অবসরপ্রাপ্ত সরকারী এবং নিম্ন বর্ণিত স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের সকল শ্রেণীর মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী যাহারা বোর্ড অব ট্রাষ্টিজ, সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিলের অর্ডিন্যান্স ১৯৮২ ও ১৯৮৭ সালে সংশোধিত অর্ডিন্যান্সের বিধান অনুযায়ী কল্যাণ ভাতা পাওয়ার যোগ্য ) সন্তান-সন্ততিদের প্রতি ২000-২00১ অর্থ বছর কল্যাণ তহবিল হইতে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করা হইয়াছে।

মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীর প্রত্যেকের সর্বোচ্চ দুই সন্তানের নামে নবম শ্রেণী হইতে তদূর্ধ্ব শ্রেণী কিংবা কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হইবে। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বোর্ড অব ট্রাষ্টিজের কল্যাণ তহবিলের নির্ধারিত ফরমে শিক্ষা বৃত্তির জন্য আবেদন করিতে হইবে। আবেদনপত্রের সহিত ছাত্র-ছাত্রী যে শ্রেণীতে কিংবা কোর্সে অধ্যয়নরত উহার পূর্ববর্তী শ্রেণীর বার্ষিক পরীক্ষার মার্কসীট (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দাখিল করিতে হইবে। আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ ও ছাত্রের নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর গ্রহণ করিয়া সংশ্লিষ্ট মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের অফিসের মাধ্যমে একটি ফরওয়ার্ডিং চিঠি মারফত আগামী ৩0শে এপ্রিলের মধ্যে 'প্রশাসনিক অফিসার, বোর্ড অব ট্রাষ্টিজ, কল্যাণ তহবিল উইং, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা ১000, ঠিকানায় পাঠাইতে হইবে।